



স্মারক নং-১৩.০২.২৬১৪.০০১.০৮.১৩০.২৩-১২১৩


তারিখঃ ০৫/১১/২০২৪ খ্রিঃ

### ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার জন্য ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৭/১০/২০২৪ খ্রিঃ তারিখে সরকার কর্তৃক জারিকৃত খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এর অনুবৃত্তিক্রমে ২৪/১০/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা ওএমএস কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাতে খোলা বাজারে খাদ্যশস্য বিক্রির (ওএমএস) জন্য ওএমএস ডিলার নিয়োগ করা হবে। ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা হিসাবে বসবাসকারী যে কোন আগ্রহী ব্যক্তির নিকট হতে আগামী ১৪/১১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

#### শর্তসমূহঃ

- ১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা হিসাবে বসবাসকারী যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।
- ২। আবেদনকারীর কমপক্ষে ০৩(তিন) মেঃটন খাদ্যশস্য সংরক্ষনের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
- ৩। নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
- ৪। আবেদনকারী অবশ্যিক ভাবে খাদ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বিক্রয় কেন্দ্র উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। আবেদন ফর্মের সাথে কেন্দ্রের তালিকা সরবরাহ করা হবে। একই কেন্দ্রের জন্য একের অধিক আবেদন জমা পরলে সেই ক্ষেত্রে শটটারির মাধ্যমে একজন ডিলার নির্বাচন করা হবে। মালামালের হিসাব সংরক্ষনের সক্ষমতা থাকতে হবে এবং ওএমএস ডিলার হস্তান্তরযোগ্য নয়।
- ৫। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারণে ডিলারশীপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- ৬। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবাহক ডিলার হিসাবে কর্মরত কোন ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না।
- ৭। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারি/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ৮। কোন ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে “নিজ ডিলারশীপ ব্যতিত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে, এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশীপ বাতিল হবে।
- ৯। ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।
- ১০। খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণও এ নীতিমালায় আবেদন করতে পারবেন।
- ১১। ওএমএস ডিলারশীপ প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ট্রেজারী চালানের মূল কপি প্রদর্শন এবং চালানের ফটোকপি জমা দিয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কেরানীগঞ্জ, ঢাকা হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। চালানের কোন নং-১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯- অন্যান্য আদায় খাতে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে অত্র দপ্তর হতে চালান পাশ করতে হবে।
- ১২। (ক) আবেদনের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ছবি; (খ) সংশ্লিষ্ট ইউনিয়ন প্রদত্ত নাগরিকত্ব সনদ; (গ) দোকানের ট্রেড লাইসেন্সের ফটোকপি; (ঘ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি; (ঙ) ফুড শ্রেইন লাইসেন্সের ফটোকপি; (চ) যে কোন তফসিলী ব্যাংক প্রদত্ত আর্থিক স্বচ্ছতার সনদ; (ছ) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি; (জ) ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা।
- ১৩। আবেদনকৃত খামের উপর ডানপার্শ্বে ইউনিয়ন ও বিক্রয় কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন/কাগজপত্রের ঘাটতি থাকলে আবেদন বাতিল বলে গন্য হবে।
- ১৪। আবেদনপত্র ও কেন্দ্রের তালিকা ওয়েবসাইটে ([food.keraniganj.dhaka.gov.bd](http://food.keraniganj.dhaka.gov.bd))- তে পাওয়া যাবে। বিস্তারিত তথ্যের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কেরানীগঞ্জ এ যোগাযোগ করা যেতে পারে।
- ১৫। ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত সময়ে জারীকৃত এতদসংক্রান্ত সরকারি নির্দেশনা এবং অন্যান্য আদেশ সমূহ প্রযোজ্য হবে।
- ১৬। কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পরিবর্তন/পরিমার্জন/ বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন। ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৭। কমিটি কর্তৃক নির্বাচিত ওএমএস ডিলারকে ওএমএস নীতিমালা-২০২৪ এর ১০(এ৩) অনুচ্ছেদ মোতাবেক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে অত্র দপ্তরে জমা দিতে হবে।



মোঃ রানা-উল করিম  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
কেরানীগঞ্জ, ঢাকা।

সদস্য সচিব, উপজেলা ওএমএস কমিটি